

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৬২

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - গরীবদের ফযীলত ও নবী (সা.) -এর জীবন-যাপন

اَلْفَصِيْلُ التَّالِثُ _ (بَابُ فَضِيْلِ الْفُقَرَاءِ وَمَا كَانَ مِنْ عَيْشِ النَّبِيّ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ)

আরবী

وَعَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا بَعَثَ بِهِ إِلَى الْيَمَنِ قَالَ: «إِيَّاكَ وَالتَّنَعُّمَ فَإِنَّ عِبَادَ الله لَيْسُوا بالمتنعمين» . رَوَاهُ أَحْمد

اسناده ضعیف ، رواه احمد (5 / 243 ح 2456) [و ابو نعیم فی حلیۃ الاولیاء (5 / 155)] * مریح بن مسروق روی عنہ جماعۃ و وثقہ ابن حبان وحده و ارسل عن عمر ففی سماعہ من معاذ نظر لانہ توفی قبل عمر رضی اللہ عنهما ۔

বাংলা

৫২৬২-[৩২] মু'আয ইবনু জাবাল (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) যখন তাঁকে ইয়ামান দেশে পাঠালেন তখন তাঁকে বললেন : নিজেকে বিলাসিতা হতে বাঁচিয়ে রেখ। কেননা আল্লাহর খাস বান্দাগণ বিলাসী জীবন-যাপন করেন না। (আহমাদ)

ফটনোট

হাসান: মুসনাদে আহমাদ ২২১৫৮, সহীহুল জামি' ২৬৬৮, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২১৪৬, সিলসিলাতুস সহীহাহ ৩৫৩, শুআবুল ঈমান ৬১৭৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা : ইতোপূর্বে একাধিক হাদীসে বর্ণিত হয়েছে, রাসূলুল্লাহ (সা.)- মু'আয (রাঃ)-কে ইয়ামানে কাযী এবং গভর্নর হিসেবে প্রেরণ করেছিলেন। তার রওয়ানা হওয়ার প্রাক্কালে রাসূলুল্লাহ (সা.) তাকে বিভিন্ন ওয়াসিয়্যাত-নাসীহত



এ আয়াতের তাফসীরে বলা হয়েছে- পানাহারকে লক্ষ্য ও আসল বৃত্তি সাব্যস্ত করে নেয়া এবং সাংসারিক বিলাস-ব্যসনের দীর্ঘ পরিকল্পনা প্রণয়নে মেতে থাকা কাফিরদের দ্বারাই হতে পারে, যারা পরকাল ও তার হিসাব নিকাশে বিশ্বাস করে না। (তাফসীরে মা'রিফুল কুরআন ৭২৫ পু.)

আল্লাহ আরো বলেন,(ছেرَوَ يَا الْكُلُوانَ كَمَا تَاكُلُ السَّالُ مَا اللَّالُ مَا اللَّهِ 'আর যারা কাফির তারা ভোগ বিলাসে মন্ত থাকে এবং চতুম্পদ জন্তুর মতো আহার করে, তাদের বাসস্থান জাহান্নাম"- (সূরাহ্ মুহাম্মাদ ৪৭ : ১২)। (মিরকাতুল মাফাতীহ আল কাশিফ ১০ম খণ্ড, ৩৩২০ পূ.)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন